



২০১৯ সালের পদ্মনাথ বিদ্যাবিনোদ স্মৃতি সাহিত্য পুরস্কার প্রাপ্ত

শ্রী নীলিম কুমার

পেশায় চিকিৎসক হলেও আধুনিক অসমিয়া কবি হিসেবে নীলিম কুমার যথেষ্ট খ্যাতি অর্জন করেছেন। তাঁর জন্ম ১৯৬১ সালে, প্রথম কবিতা লেখেন একুশ বছর বয়সে। তাঁর কবিতায় সুররিয়ালিজম-এর সঙ্গে পাওয়া যায় স্বপ্নের উদ্ভাস। কবিতা ছাড়াও উপন্যাস ও প্রবন্ধ রচনায় তিনি নিজের প্রতিভার স্বাক্ষর রেখেছেন।

নীলিম কুমারের কবিতা-গ্রন্থের সংখ্যা সতেরো, সেইসঙ্গে প্রকাশ পেয়েছে তিনটি উপন্যাস ও একটি প্রবন্ধ-সংগ্রহ। তাঁর কবিতা যেসব ভারতীয় ও বিদেশী ভাষায় অনূদিত তার মধ্যে রয়েছে হিন্দি, গুজরাতি, মারাঠি, তামিল, তেলুগু, কন্নড়, উর্দু, বাংলা, মালয়ালম, ওড়িয়া, নেপালি, ফরাসি, জার্মান, স্প্যানিশ ও ইংরেজি।

তাঁর দুটি ইংরেজি কবিতা-সংকলনের নাম 'প্রস্টিটিউট মুন অ্যান্ড আদার পোয়েম্‌স' এবং 'সানশাইন হ্যাজ নো হোম'। বেঙ্গালুরু বিশ্ববিদ্যালয়, গুয়াহাটি বিশ্ববিদ্যালয়, কটন বিশ্ববিদ্যালয় এবং ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে তাঁর কবিতা অন্তর্ভুক্ত।

কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং ভুবনেশ্বরের ধৌলী বুক্‌স থেকে নীলিমের কবিতার দুটি হিন্দি সংকলন প্রকাশিত। অন্যান্য যেসব সংকলনে তাঁর কবিতা স্থান পেয়েছে তার মধ্যে রয়েছে 'সং ফ্রম দ্য সিশোর' (পোয়েট্রি ফ্রম দ্য ইন্ডিয়ান ওশন), 'ওআন হানড্রেড ইন্ডিয়ান পোয়েট্‌স', 'ইন্ডিয়া ইন ভার্স', 'ড্যান্সিং আর্থ' (পেংগুইন বুক্‌স), 'কবি ভারতী', '১০০ গ্রেট ইন্ডিয়ান

পোয়েট্‌স' প্রভৃতি।

'ইন্ডো-ফ্রেঞ্চ কালচারাল রিলেশন্স'-এর অধীনে তিনি ভারতীয় কবি হিসেবে ফরাসি দেশে আমন্ত্রিত হয়েছিলেন। এ-ছাড়াও সাহিত্য অকাদেমির উদ্যোগে আয়োজিত কবিসম্মেলনে বাংলাদেশ ও লাক্ষাদ্বীপ ভ্রমণ করেছেন। তিনি যেসব জাতীয় ও আন্তর্জাতিক কবিতা-উৎসবে যোগ দিয়েছেন তার মধ্যে উল্লেখযোগ্য সার্ক পোয়েট্রি ফেস্টিভ্যাল, আইওআরএ ফেস্টিভ্যাল, কেরল সাহিত্য উৎসব, ওএএলএফ ফেস্টিভ্যাল, কালা ঘোড়া আর্ট ফেস্টিভ্যাল, কবি ভারতী (ভোপালের ভারত ভবনে), আকাশবাণী আয়োজিত জাতীয় কবিসম্মেলন, সার্ক রাইটার্স কনফারেন্স, ব্যাঙ্গালোর পোয়েট্রি ফেস্টিভ্যাল, দিল্লিতে ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারে সৃষ্টিশীল সম্প্রদায়ের মিলনোৎসব। সাহিত্য অকাদেমি আয়োজিত প্রায় ৪০টি কবিসম্মেলনে তিনি এ-পর্যন্ত অংশ নিয়েছেন।

নীলিম কুমার ভোপালের ভারত ভবন-এর উপদেষ্টা পর্যদের সদস্য।

কবি হিসেবে তিনি বেশ কিছু পুরস্কার ও সম্মানের অধিকারী। পেয়েছেন উদয় ভারতী জাতীয় পুরস্কার, ডিস্টিংগুইশ্‌ড লিডারশিপ অ্যাওয়ার্ড (ইউএসএ), রাজা ফাউন্ডেশন পুরস্কার, শব্দ পুরস্কার, একা এবং কয়েকজন সম্মান এবং মানব সম্পদ বিকাশ ফেলোশিপ।